

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/১১২

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ৯৫৪ তম কমিশন সভা।


বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৫৪ তম কমিশন সভা গত ২৯/০৪/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। ডিএসই ও সিএসই এর ২৯১ টি ডুয়েল ট্রেক হোল্ডারের মধ্যে ইতোমধ্যে ১১৩ টি ট্রেক হোল্ডার কর্তৃক অসংশোধনযোগ্য ব্যাক অফিস সফটওয়্যার পরিপূর্ণভাবে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে এবং ১৭৮ টি ট্রেক হোল্ডার কর্তৃক অসংশোধনযোগ্য ব্যাক অফিস সফটওয়্যার বাস্তবায়ন শেষ পর্যায়ে প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও সিএসইর ৮২ টি সিঙ্গেল ট্রেক হোল্ডারের মধ্যে ইতোমধ্যে ২৮ টি ট্রেক হোল্ডার কর্তৃক অসংশোধনযোগ্য ব্যাক অফিস সফটওয়্যার পরিপূর্ণভাবে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে এবং ১৫ টি ট্রেক হোল্ডার কর্তৃক অসংশোধনযোগ্য ব্যাক অফিস সফটওয়্যার বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে।

এ বিষয়ে সার্বিক বিবেচনায় কমিশন অসংশোধনযোগ্য ব্যাক অফিস সফটওয়্যার (un-editable back-office software) পরিপূর্ণভাবে বাস্তবায়নের জন্য নির্ধারিত সময়সীমা ৩০ জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, অসংশোধনযোগ্য ব্যাক অফিস সফটওয়্যার বাস্তবায়ন হলে পুঁজিবাজারে স্বচ্ছতা-জবাবদিহিতা বৃদ্ধির সাথে সাথে সিডিবিএলে রক্ষিত শেয়ার বা সিকিউরিটিজের তথ্য ও স্টক ব্রোকারের নিকট রক্ষিত শেয়ার বা সিকিউরিটিজের তথ্যের মধ্যকার গড়মিল হ্রাস পাবে।

২। কমিশনের চাকুরিবিধিসহ শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) এর ২১ জন কর্মচারীকে সাময়িক বরখাস্ত ও ২ জন কর্মচারীকে ব্যাখ্যা তলব করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ সংক্রান্ত অফিস আদেশ কমিশনের ওয়েবসাইটের মিডিয়া রুম মেনুর অফিস আদেশ অংশে রয়েছে। এ বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী বিধিমালা, ২০২১ যথাযথভাবে অনুসরণপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে


মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র